

## নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University  
নোয়াখালী-৩৮১৪

## সমাজবিজ্ঞান বিভাগ

Mobile: ৮৮০১৭৭৩৮৬৩৩/৮৮০১৮৬১৯৬৬৭৬  
E-mail: sociology.nstu@gmail.com  
Web : www.nstu.edu.bd

Department of Sociology  
“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- নোবিপ্রবি/সবি/এমএসএস/ভ-বি/০১/২৩/৮৮১

তারিখ: ২২-০৮-২০২৩

### স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচু ছাত্র/ছাত্রীদের অফিস চলাকালীন বিভাগীয় অফিস থেকে আগামী ২৫ আগস্ট ২০২৩ থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে হবে। আবেদন ফরমের মূল্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা একাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে। সম্ভাব্য ভর্তি পরীক্ষার তারিখ ১৬ সেপ্টেম্বর ২০২৩।

### ডিপ্লোমা: Master of Social Science in Sociology

#### ভর্তির যোগ্যতা:

- প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোনো স্বীকৃত পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিপ্লোমা হতে হবে। যদিনের স্নাতক (সম্মান) ডিপ্লোমা শিক্ষাবর্ষ ২০১৬-১৭ অথবা ২০১৭-১৮ শুমাত্র তারাই আবেদন করতে পারবেন।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৫ থাকতে হবে এবং বহিঃ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে ন্যূনতম সিজিপিএ ২.৭৫ থাকতে হবে।
- স্নাতক বিশেষ পরীক্ষায় অংশগ্রহণকারী অভ্যন্তরীণ শিক্ষার্থীরা ভর্তির আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে, পরীক্ষার্থীদের সর্বনিম্ন সিজিপিএ ২.৫ পেয়ে উত্তীর্ণ হতে হবে।
- অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে মৌখিক পরীক্ষায় এবং বহিঃ প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনবোধে লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

#### আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে

- শিক্ষাগত যোগ্যতার সবচেয়ে পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশিট এবং সাটিফিকেট এর সত্যায়িত কপি।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্র।
- ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- চাকুরির প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্লাশে যোগদান ও শিশু কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিট্রোর ব্যাপী সময়কাল অর্থাৎ ১২(বারো) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ভর্তি ফরম ক্রয়ের রিসিদ (মানি রিসিট) এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

অধ্যাপক ড. মোঃ রোকনুজ্জামাল সিদ্ধিকী  
চেয়ারম্যান  
সমাজবিজ্ঞান বিভাগ  
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

#### অনুলিপি :

- ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
- রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- পরিচালক(ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রকাশ ও প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের শব্দের সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।

Rounuzzaman  
২২.০৮.২০২৩

RF  
২২.০৮.২০২২

Ghislam  
২২-৮-২৩

Hafema  
22.08.23.